

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
তাহিরপুর, সুনামগঞ্জ।
[www: acl.tahirpur.sunamganj.gov.bd](http://www.acl.tahirpur.sunamganj.gov.bd)

স্মারক নং-৩১.৪৬.৯০৯২.০০০.০৩.০০৯.২০-৫৯৬

তারিখ: ০৯/০৮/২০২৩ খ্রি.


জলমহাল খাস কালেকশনের জন্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয় (রাজস্ব শাখা) এর ১৮ জুলাই ২০২৩ তারিখের ১২৪৭(৪), ১২৪৮(৪) ও ১২৪৯(৪) নং স্মারক প্রেক্ষিতে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর ১৬ নং অনুচ্ছেদের আলোকে তাহিরপুর উপজেলাধীন ২০ (বিশ) একরের উর্কে নিম্নবর্ণিত জলমহাল গুলো ১৪৩০ বাংলা সনের অবশিষ্ট সময়ের জন্য খাস আদায়ের লক্ষ্যে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রকাশ্য নিলামে বিক্রি করা হবে। নিলাম ক্রয়োচ্ছুক ব্যক্তিগণকে নিলাম ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	জলমহালের নাম	মৌজা ও জেএল নং	পরিমাণ (একরে)	বিগত ০৩ বছরের গড় ইজারামূল্য বা সর্বশেষ বছরের ইজারা মূল্য	সরকার নির্ধারিত ইজারামূল্য ৫% বর্ধিত হারে (ধার্যকৃত খাস মূল্য)
০১	নয় আনা গ্রুপ(বদ্ধ)	লামাগাঁও/১১	৩৩.৪২	৪,২০,০০০/-	৪,৪১,০০০/-
০২	শিববাড়ী গ্রুপ(বদ্ধ)	কুটিপাড়া/৭২	১০৩.৯৭	৯,৪৩,৫২৫/-	৯,৯০,৭০১/-
০৩	বাদে কানামুইয়া বিল(বদ্ধ)	মানিক খিলা	৪৭১.৩১	৪,৬২,৮৮০/-	৪,৮৬,০২৪/-

শর্তাবলীঃ

- ০১। আগামী ১৪/০৮/২০২৩ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, সুনামগঞ্জ এর অফিস প্রাঙ্গানে প্রকাশ্য নিলাম ডাকে বিক্রি করা হবে।
- ০২। নিলাম ডাকের পূর্বে নিলামে অংশ গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান ২০,০০০/- (বিশ হাজার) টাকা কর্তৃপক্ষের নিকট জামানত হিসেবে অগ্রিম জমা দিতে হবে। উল্লেখিত অর্থ খাস কালেকশন মূল্যের সাথে সমন্বয় করা হবে।
- ০৩। সর্বোচ্চ দরদাতা (খাস কালেকশন প্রাপ্ত ব্যক্তি) কে নিলাম ডাকের পরপরই সমুদয় সরকারি পাওনা পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতকৃত অর্থ বাজেয়াপ্তসহ পরবর্তী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। খাস আদায় মূল্যের সাথে সরকার নির্ধারিত ভ্যাট ও অন্যান্য করাদি যথা নিয়মে পরিশোধ করতে হবে।
- ০৫। বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত যে কোন আদেশ (যদি থাকে) মেনে চলতে হবে।
- ০৬। মা মাছ নিধন করা যাবে না, জলমহালের জল শুকিয়ে বা অন্য কোন নিষিদ্ধ পন্থায় মৎস্য আহরণ করা যাবে না।
- ০৭। খাস আদায়ের মেয়াদ ৩০শে চৈত্র, ১৪৩০ বাংলা সন পর্যন্ত বলবৎ থাকবে।
- ০৮। নিলামে সর্বোচ্চ দরদাতা নিলামের সমুদয় অর্থ নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদানে ব্যর্থ হলে তাঁর জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং ২য় সর্বোচ্চ দরদাতাকে তার উল্লেখিত দর অনুযায়ী সমুদয় অর্থ জমাদানের প্রস্তাব দেয়া হবে। একইভাবে ২য় সর্বোচ্চ দরদাতা ব্যর্থ হলে তাঁরও জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে ৩য় সর্বোচ্চ দরদাতাকে প্রস্তাব দেয়া হবে।
- ০৯। উল্লেখিত শর্তাদির ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষ যে কোন সময় খাস কালেকশন আদেশ বাতিল/পরিবর্তন/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। নোটিশ বোর্ড।


আসাদুজ্জামান রনি
সহকারী কমিশনার(ভূমি)
ও
আস্সায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারক নং-৩১.৪৬.৯০৯২.০০০.০৩.০০৯.২০-৫৯৬/১(৩০)

তারিখ : ০৯/০৮/২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য।

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

৪। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ [নিলাম বিজ্ঞপ্তি জেলা প্রশাসন, সুনামগঞ্জ এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।


৫। উপজেলা তাহিরপুর, সুনামগঞ্জ।

৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, সুনামগঞ্জ [নিলাম বিজ্ঞপ্তি উপজেলা প্রশাসন, তাহিরপুর, সুনামগঞ্জ এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

৭। ইউপি চেয়ারম্যান (সকল), তাহিরপুর, সুনামগঞ্জ [নিলাম বিজ্ঞপ্তি তাঁর এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ]।

৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, ডিহিডাটী/তাহিরপুর সদর, তাহিরপুর, সুনামগঞ্জ। বিজ্ঞপ্তি স্থানীয় হাট বাজারে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৯। নোটিশ বোর্ড।



আসাদুজ্জামান রনি
সহকারী কমিশনার(ভূমি)

ও

আহ্বায়ক

উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
তাহিরপুর, সুনামগঞ্জ।